দৈনিক ইত্তেফাক

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

ভারতীয় সুপ্রীম কোর্টের রায়

# সরকার নতুন স্কুল শিক্ষাক্রম বাস্তবায়ন করতে পারে

নয়াদিল্লী থেকে এএফপি ॥ ভারতীয় সুপ্রীম কোর্ট গত বৃহস্পতিবার বলেছে, হিন্দু জাতীয়তাবাদী সরকার নতুন স্কুল শিক্ষাক্রম বাস্তবায়ন করতে পারে। এই শিক্ষাক্রম আদর্শগতভাবে পক্ষপাতদুষ্ট বলে বিরোধী দলগুলো বিজেপির নেতৃত্বাধীন সরকারের সমালোচনা করে আসছে। খবরে বলা হয়, গত বছর সরকার স্কুল পাঠক্রমে পরিবর্তনের প্রস্তাব করলে বিরোধী দলগুলো এবং বেশ কিছু শিক্ষাবিদ এর বিরুদ্ধে তীব্র ক্ষোভ প্রকাশ করেন। তারা প্রস্তাবিত পরিবর্তন বন্ধের জন্য কোর্টের প্রতি আবেদন জানান। তারা আফগানিস্তানের সাবেক মৌলবাদী তালেবান সরকারের সঙ্গে ভারতীয় সরকারের তুলনা করেন। কট্টর হিন্দু জাতীয়তাবাদী ভারতের মানব সম্পদ উন্নয়ন মন্ত্রী মুরলি মনোহর যোশি বলেছেন, গরুর মাংস ভক্ষণ, বর্ণ ও হিন্দু দেবতা নিয়ে বিতর্ক থেকে স্কুলগুলোকে দূরে থাকতে হবে।